

দাখিল পরীক্ষায়-
জিপিএ-৫ পেয়েছে
৯৬৭৩ পরীক্ষার্থী

নিম্নব প্রতিবেদক •

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিল পরীক্ষায় এবার পাসের হার ৮৯ দশমিক ১০ শতাংশ। গত বছর পাসের হার ছিল ৮৮ দশমিক ৪৭ শতাংশ। এবার জিপিএ-৫ পেয়েছে নয় হাজার ৬৭৩ জন পরীক্ষার্থী।

এ বছর মোট শিক্ষার্থী ছিল দুই লাখ ২৫ হাজার ৩০০ জন। পরীক্ষায় অংশ নেয় দুই লাখ ২১ হাজার ২৫৭ জন। পাস করেছে এক লাখ ৯৭ হাজার ১৯৯ জন। ফেব্রুয়ারি-মার্চ মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল বুহুস্পতিবার ফল প্রকাশিত হওয়ার পাসের হার ৮৮ দশমিক ২৮ শতাংশ।

দাখিল পরীক্ষায় ভালো করা ২০টি প্রতিষ্ঠানের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছে ঢাকা বিভাগের তিনটি প্রতিষ্ঠান।

২০টি প্রতিষ্ঠানের মধ্যে প্রথম হয়েছে গাজীপুরের তামিকুল মিল্লাত কামিল মাদ্রাসা। এ প্রতিষ্ঠান থেকে ২৫১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয় এবং সবাই পাস করে। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১৯১ জন।

দ্বিতীয় অবস্থানে আছে ঢাকার উত্তরায় অবস্থিত তানজিমুল উন্মাহ ক্যাডেট মাদ্রাসা। এ প্রতিষ্ঠানের ৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে সবাই পাস করেছে। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫৮ জন।

তৃতীয় অবস্থানে আছে ঢাকার ডেয়ারার দারুলনাছাত সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা। এ প্রতিষ্ঠানের ২৭৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৭২ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ১৯৫ জন শিক্ষার্থী।